## সেবার মান উন্নয়নে মনিটরিং অ্যাপেন্ডিক্স-ক : এমআর ও গর্ভপাত পরবর্তী সেবার কর্ম সম্পাদন উন্নয়ন/গুণগত মানসম্পন্ন সেবা নিশ্চিতকরণ চেকলিস্ট

তারিখ :

পর্যবেক্ষণ শুরু করার সময় : ..................................পর্যবেক্ষণ শেষ করার সময় : ...............

পর্যবেক্ষণকারীর নাম :

সেবাদানকারীর নাম :

স্বাস্থ্যকেন্দ্র :

**নির্দেশাবলি :** যদি সেবাদানকারী প্রতিটি পদক্ষেপ সন্তোষজনকভাবে সম্পাদন করেন তাহলে কেইস (Case) কলামে টিক চিহ্ন (√) দিন)। যদি সন্তোষজনকভাবে সম্পাদন না করেন তাহলে কেইস (Case) কলামে ক্রস (X) চিহ্ন দিন। যদি পর্যবেক্ষণ (Observe) না করে থাকেন তাহলে N/O বসান (উল্লেখ্য, প্রতিটি চেকলিস্ট কেবলমাত্র ৫টি ভিন্ন ভিন্ন কেইস বা প্রসিডিউরের জন্য প্রযোজ্য হবে)।

সন্তোষজনক (√) : সেবার ধাপগুলো নির্ধারিত মানদণ্ড অনুযায়ী অথবা গাইড-লাইন বা নির্দেশিকা অনুযায়ী করা হয়েছে।

অসন্তোষজনক (x) : সেবার ধাপগুলো নির্ধারিত মানদণ্ড অনুযায়ী অথবা গাইড-লাইন বা নির্দেশিকা অনুযায়ী করা হয়নি।
পর্যবেক্ষণ হয়নি (N/O) : যখন সেবাদান করা হয়েছে যে যে পদক্ষেপ বা কাজ করার কথা ছিল তা পর্যবেক্ষণ করা হয়নি।

| | কেইস | | | | |
|---|---|---|---|---|---|
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| **১. ক্লায়েন্টকে সাদরে গ্রহণ করা এবং তার মেডিকেল ইতিহাস নেয়া :** মহিলাকে সাদর সম্ভাষণ জানানো। তাকে সহজ-স্বাভাবিক হতে সাহায্য করা এবং তার প্রয়োজন জানার জন্য আন্তরিক চেষ্টা করা। শেষ মাসিক সম্পর্কে জিজ্ঞেস করা (LMP), মাসিক, প্রসব সংক্রান্ত বিষয় এবং অন্যান্য সাধারণ মেডিকেল ইতিহাস নেয়া; জন্মনিরোধক পদ্ধতির ব্যবহারের তথ্য এবং বর্তমান পদ্ধতি সম্পর্কে জিজ্ঞেস করা। | | | | | |
| **২. কাউন্সেলিং :** এমভিএ কিভাবে জরায়ুর ভেতর থেকে পদার্থ বের করে এবং ক্লায়েন্ট কী প্রত্যাশা করে এ সম্পর্কিত কোন তথ্য দেয়া এবং অবহিত সম্মতি (Informed Consent) নেয়া। | | | | | |
| **৩. পরীক্ষা করা :** বাইম্যানুয়াল পরীক্ষা করে জরায়ুর মাপ, গর্ভের সপ্তাহ এবং জরায়ুর অবস্থান পরীক্ষা করা। যদি বুঝতে না পারে তাহলে গর্ভাবস্থা নিশ্চিত করার জন্য প্রস্রাব পরীক্ষা করার জন্য বলা। | | | | | |
| **৪. ব্যথা উপশমের জন্য ব্যবস্থাপনা সুনির্দিষ্ট করা :** মহিলাদের সঙ্গে ব্যথা উপশমের যথাযথ কৌশল নিয়ে আলোচনা যেমন– ব্যথানাশক, দুঃশ্চিন্তা কমানোর ওষুধ ব্যবহার এবং স্থানীয় অবশকরণের ব্যবহার সম্পর্কে বলা। প্রসিডিউর শুরু করার পূর্বে কোন ওষুধ ব্যবহার করা। | | | | | |
| **৫. ক্লায়েন্ট প্রস্তুতকরা :** মহিলা প্রস্রাব করেছেন কি-না তা নিশ্চিত করা, মহিলাকে লিথোটমি পজিশনে শোয়াতে সাহায্য করা, হাত ধোয়া এবং গ্লাভস, গাউন এবং মুখ রক্ষা করার জন্য কোন ব্যবস্থা নেয়া। | | | | | |

| | কেইস | | | | |
|---|---|---|---|---|---|
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| **৬. যন্ত্রপাতি প্রস্তুত করা :** সিরিঞ্জ বায়ুশুন্য করা এবং অন্যান্য প্রয়োজনীয় যন্ত্রপাতি সঠিক পরিমাণে সঠিক জায়গায় রয়েছে কি-না তা দেখা। | | | | | |
| **৭. অ্যান্টিসেপটিকের সাহায্যে জরায়ুর মুখ পরিষ্কার করা :** যন্ত্রপাতি যেন খালি হাতের বা শরীরের অন্য অংশের সংস্পর্শে না আসে (No-touch technique) সে পদ্ধতি অবলম্বন করে স্পেকুলাম প্রবেশ করানো এবং জরায়ুর মুখ পরিষ্কার করা। | | | | | |
| **৮. প্যারাসার্ভাইক্যাল (Paracervical) ব্লক দেয়া :** যেদিকে টেনাকুলাম দেয়া হয় সেদিকে স্থানীয় অবশকারক (Local Anesthesia) দেয়া এবং তা ঘড়ির কাঁটার ৩, ৫, ৭ এবং ৯টার স্থানে (বিকল্পভাবে ৪ এবং ৮টার স্থানে) দেয়া। ইনজেকশন দেয়ার সময় সুচ ঢুকিয়ে প্লাঞ্জার পেছনের দিকে টেনে বের করে নেয়া, যাতে শিরায় ইনজেকশন না চলে যায় তা পরিহার করার জন্য। | | | | | |
| **৯. জরায়ুর মুখ প্রসারিত করা :** যদি প্রয়োজন হয় তাহলে ডাইলেটর বা ক্যানুলা ব্যবহার করে জরায়ুর মুখ সম্প্রসারণ করা। | | | | | |
| **১০. ক্যানুলা প্রবেশ করানো :** জরায়ুর মুখ দিয়ে জরায়ুর ভেতরে ক্যানুলা প্রবেশ করানো এবং ক্যানুলার সঙ্গে অ্যাসপিরেটর সংযোগ করা। | | | | | |
| **১১. জরায়ুর ভেতর থেকে পদার্থ টেনে বের করা :** বোতাম টিপে এমভিএ এর সাহায্যে প্রসিডিউর শুরু করা। প্রসিডিউর শেষ হওয়ার লক্ষণ পরীক্ষা করা। যদি শেষ হয়, তখন বোতাম বন্ধ করা। সিরিঞ্জ টেনে বের করা এবং সিরিঞ্জের ভেতরের পদার্থ কোন একটি গামলা অথবা ট্রেতে ফেলে পরিষ্কার করা। | | | | | |
| **১২. টিস্যু পরীক্ষাকরণ :** জরায়ুর ভেতর থেকে বের করা টিস্যু পরীক্ষা করে দেখা যে গর্ভাবস্থা যত সপ্তাহের জন্য ধারণা করা হয়েছিল তার সঙ্গে টিস্যুর রং এবং পরিমাণ সামঞ্জস্যপূর্ণ। | | | | | |
| **১৩. এ সেবার সঙ্গে সম্পর্কিত অন্য কার্যাবলি সম্পাদিত :** যখন এমভিএ করা শেষ হয় তখন জন্মনিরোধক পদ্ধতি বা এ সময়ের জন্য প্রয়োজনীয় অন্য কোন কাজ করা। | | | | | |
| **১৪. যন্ত্রপাতি প্রক্রিয়াজাতকরণসহ অপারেশন পরবর্তী পদক্ষেপ গ্রহণ :** ব্যবহৃত যন্ত্রপাতি প্রক্রিয়াজাতকরণ শুরু করা অথবা যেগুলো ফেলে দিতে হবে তা ফেলে দেয়া, গ্লাভস, অ্যাপ্রোন এবং মাস্ক পরেছে তা খুলে ফেলা। মহিলাকে অপারেশন পরবর্তী বিশ্রামালয়ে নিতে সাহায্য করা। | | | | | |
| **১৫. ক্লায়েন্ট মনিটর করা এবং নির্দেশনা প্রদান :** vital signs মনিটর করা, রক্তপাত হচ্ছে কি-না তা দেখা, প্রসিডিউর পরবর্তী সেবা সম্পর্কে নির্দেশনা দেয়া, ফলোআপ এবং অ্যান্টিবায়োটিকের কথা বলা, এছাড়া প্রয়োজনীয় জন্মনিরোধক পদ্ধতি সম্পর্কে তথ্য প্রদান। | | | | | |

পর্যবেক্ষকের মন্তব্য :